দৈনিক বাংলা

052

তারিখ 1/11/80
পৃষ্ঠা 5 কলাম 7

**খাল সংস্কারের আবেদন**

ব্রাহ্মণবাড়িয়া মহকুমার অন্তর্গত মেঘনা-তিতাস সংযোগকারী খালটি বৃটিশ আমল থেকেই মজা অবস্থায় পড়ে রয়েছে। স্বাধীনতা উত্তরকালে দেশে সবুজ বিপ্লব স্বনির্ভর আন্দোলন কত কিছুই হয়ে গেছে। কিন্তু এই খালটি (এমন কি খালের পার্শ্ববর্তী গেট জলপদটিও) আজ পর্যন্ত কোন বিপ্লব বা আন্দোলনের স্পর্শ না পাওয়ায় পূর্বের মতো অবহেলিতই রয়ে গেছে। অথচ এই খালটির সংস্কারের উপর এ অঞ্চলের অনেক কিছুই নির্ভর করে। এখানে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্যে এই খালটি সংস্কার করা হলে কি কি সুফল পাওয়া যাবে, তা তুলে ধরছি:

প্রথমতঃ খালটি সংস্কার করা হলে মেঘনার সংযোগস্থল (পানিশ্বর উত্তর ইউনিয়ন) থেকে থানা সদর সরাইল পর্যন্ত এক বিস্তীর্ণ অঞ্চল সেচের মাধ্যমে অধিকফলনশীল ধান ইরি-বোরো চাষের আওতায় আসবে। এবং ফলে এলাকা উদ্বৃত্ত খাদ্য উৎপাদনে সক্ষম হবে।

দ্বিতীয়তঃ এ খাল সংস্কারের ফলে উত্থিত মাটি দ্বারা খালের দক্ষিণ তীর বরাবর সরাইল পানিশ্বর বাজার (৩/৪ মাইল দীর্ঘ) সড়কটির কাজ সম্পূর্ণ হবে। তাতে সরাইলের সাথে পানিশ্বর বাজারের যোগাযোগ পরিবহন এবং যাতায়াত ব্যবস্থার প্রভূত উন্নতি সাধিত হবে।

তৃতীয়তঃ এ পানিশ্বর উত্তর ইউনিয়নের চারদিকে ৩/৪ মাইলের মধ্যে কোন হাইস্কুল মাদ্রাসা বা কলেজ নেই। যাতায়াতের অসুবিধার দরুণ এ এলাকার লোকজন শিক্ষা-দীক্ষায় অনেক পিছনে পড়ে রয়েছে। এ খালটি সংস্কার করা হলে এটি এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষা বিস্তারেও যথেষ্ট সহায়ক হবে।

অতএব সরকার দেশব্যাপী আজ যে খাল কাটার কর্মসূচী হাতে নিয়েছেন এ খালটি তার অন্তর্ভুক্ত করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে আবেদন জানাচ্ছি।

—মোঃ রোকনউদ্দীন পানিশ্বর, সরাইল কুমিল্লা।